

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি


নং-৮০.০০.০০০০.২০০.৩৬.১৬৯.১৭-৮২৮

তারিখ : ১৮.১২.২০১৭ খ্রি.

বিষয়: ৩৮তম বিসিএস পরীক্ষা-২০১৭ এর প্রিলিমিনারি টেস্টে প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক নিযুক্তি প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৮তম বিসিএস পরীক্ষা-২০১৭ এর প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে সরকারী কর্ম কমিশন কর্তৃক অনুমোদিত শ্রুতিলেখকসহ ২৯.১২.২০১৭ তারিখে অনুষ্ঠেয় প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, সরকারী কর্ম কমিশনের অনুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোনো ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে আনা হলে তা গ্রহণযোগ্য হবে না। শ্রুতিলেখক হিসেবে মনোনয়ন যোগ্য ব্যক্তিকে প্রতিবন্ধী প্রার্থীর চেয়ে নিম্ন ধাপের শিক্ষাগত যোগ্যতাদারী হতে হবে। প্রতিবন্ধী প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিগ্রি অর্জন করেছেন শ্রুতিলেখক সেই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী হতে পারবেন না।

২. শ্রুতিলেখক হিসেবে যিনি প্রতিবন্ধী প্রার্থীকে পরীক্ষায় সহায়তা প্রদান করবেন তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ, ৩কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যয়নরত থাকলে বা সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে তিনি অধ্যয়ন করেছেন সে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র /প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি এবং শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নসহ শ্রুতিলেখক নিযুক্তির জন্য আগামী ২১.১২.২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা এই ঠিকানায় দরখাস্ত পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে কোনো দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

  
[আ.ই.ম. নেহার উদ্দিন]  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)  
তারিখ : ১৮.১২.২০১৭ খ্রি.

নং-৮০.০০.০০০০.২০০.৩৬.১৬৯.১৭-৮২৮(১৫)

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে]
২. বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো]
৩. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং জ্বল নিউজ আকারে বার বার প্রচার করতে তাকে অনুরোধ করা হলো]
৪. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।  
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো]
৫. বার্তা সম্পাদক, .....  
[বিষয়টি আপনার চ্যানেল-এ জ্বল নিউজ হিসেবে বার বার প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।  
[প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের এবং ৩৭তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট-এ কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।  
[প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]